



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৮, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ১৮ই সেপ্টেম্বর, ২০০০ ইং/৩রা আশ্বিন, ১৪০৭ বাং

এস, আর ও নং ২৮১-আইন/২০০০ ইং বিবিধ-৩/২০০০ (রাজ-৪)—যেহেতু আগামী ২৬-৯-২০০০ ইং তারিখে দেশের ১২টি পৌরসভায় অনুষ্ঠেয় সাধারণ নির্বাচন উপলক্ষে উক্ত এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখা এবং সূষ্ঠা নির্বাচন নিশ্চিত করার উদ্দেশ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সংশ্লিষ্ট এলাকায় চলাফেরা করার উপর সরকার জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলে মনে করে :

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, নিম্ন তফসিলের কলাম ২ এ বর্ণিত জেলাসমূহের বিপরীতে কলাম ৩ এ উল্লেখিত পৌরসভার জন্য নির্ধারিত নির্বাচনী এলাকায় আগামী ২৪-০৯-২০০০ইং তারিখ সকাল ৬টা হইতে ২৭-০৯-২০০০ইং তারিখ সন্ধ্যা ৬টা পর্যন্ত সময়কালে লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকদের উক্ত এলাকাসমূহে অস্ত্রসহ চলাফেরার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

২। এই আদেশ লংঘনকারীর বিরুদ্ধে উক্ত section এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা ঃ—

- (ক) নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃঙ্খলা বাহিনীর সকল সদস্য ;
- (খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা : এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২তে সংজ্ঞায়িত শৃঙ্খলা বাহিনী।

তফসিল

| ক্রমিক নং | জেলার নাম | পৌরসভার নাম |
|--------------|-----------|---------------|
| ১ | ২ | ৩ |
| ১। | রাজশাহী | বাঘা |
| ২। | নওগাঁ | নজীপুর |
| ৩। | পাবনা | ভাংগুড়া |
| ৪। | রংপুর | বদরগঞ্জ |
| ৫। | বগুড়া | সারিয়াকান্দি |
| ৬। | নাটোর | গোপালপুর |
| ৭। | ঢাকা | দোহার |
| ৮। | কিশোরগঞ্জ | কুলিয়ারচর |
| ৯। | গাজীপুর | টংগী |
| ১০। | গোপালগঞ্জ | মকসুদপুর |
| ১১। | কুমিল্লা | কুমিল্লা |
| ১২। | সুনামগঞ্জ | জগন্নাথপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিউর রহমান

উপ-সচিব (রাজ)।